40

ভোরের কাগজ

তারিখ ... JAN. 1 6 1999 ...
পৃষ্ঠা ১২ কলাম ৪ ......

## কলকাতা বইমেলা শুরু ২৭ জানুয়ারি

# বাংলাদেশী প্রকাশকদের টার্গেট ১ কোটি টাকার বই বিক্রি

কাগজ প্রতিবেদক : আসন্ন কলকাতা বইমেলায় বাংলাদেশী প্রকাশকরা এক কোটি টাকার বই বিক্রির টার্গেট নিয়ে প্রস্তুত হচ্ছেন। এ কারণে প্রচণ্ড ব্যস্ত সময় কাটছে এ দেশের প্রকাশকদের। মেলায় দেশের ২৩টি প্রকাশনা সংস্থা অংশ নেবে।

আগামী ২৭ জানুয়ারি কলকাতা বইমেলা শুরু হচ্ছে, চলবে ৭ ফেব্রুয়ারি পর্যন্ত।

প্রকাশকরা জানান, এই মেলা পশ্চিমবঙ্গে বাংলাদেশী বইয়ের বাজার সৃষ্টিতে সহায়তা করবে। তারা বলেন, এই মেলায় বই বিক্রির চেয়ে প্রচারই মুখ্য, কাজেই বিক্রির টার্গেটকে তারা বড়ো করে দেখছেন না। তবুও তারা সম্মিলিতভাবে কোটি টাকার বই বিক্রির টার্গেট নিয়ে প্রস্তুত হচ্ছেন।

মেলায় বাংলাদেশের ৮ হাজার ধরনের বিভিন্ন বই বিক্রির জন্য নিয়ে যাওয়া হবে।

বাংলাদেশের প্রকাশকরা দেশের বাইরে এই প্রথম এতো ব্যাপকভাবে কোনো মেলায় অংশ নিতে যাচ্ছেন। ফলে তাদের মধ্যে ব্যাপক আলোড়ন সৃষ্টি হয়েছে।

কলকাতা বইমেলা উপলক্ষে বাংলাদেশী প্রকাশকরা যৌথভাবে বইয়ের ক্যাটালগ ও ব্রোশিয়র প্রকাশ করেছেন। এ ছাড়া ব্যক্তিগত উদ্যোগেও ক্যাটালগ করা হচ্ছে। মেলায় প্রকাশকদের পক্ষ থেকে বেশ কয়েকটি মতবিনিময় সভারও আয়োজন করা হবে।

প্রধানমন্ত্রী শেখ হাসিনা কলকাতা বইমেলার উদ্বোধন করবেন। মেলা উপলক্ষে কবি, লেখক, সাহিত্যিক, সাংবাদিক, প্রকাশক, বুদ্ধিজীবীসহ ৩৯ সদস্যের একটি সরকারি প্রতিনিধিদল কলকাতা সফর করবেন।